দৈনিক ইত্তেফাক

18 AUG 1987

পৃষ্ঠা 3

30

## আইন-আদালত

### পরীক্ষা বাতিল আদেশের বৈধতা চ্যালেঞ্জ

(সুপ্রীমকোর্ট রিপোর্টার)

গত মার্চে নওগাঁও সরকারী কলেজে গৃহীত বিএসসি পরীক্ষা বাতিলের আদেশ বৈধভাবে দেওয়া হয় নাই বলিয়া কেন ঘোষণা করা হইবে না উহার কারণ দর্শানোর জন্য সুপ্রিম-কোর্টের হাইকোর্ট বিভাগ রাজশাহী বিশ্ববিদ্যালয় ও শিক্ষা সচিবের প্রতি কারণ দর্শাও একশ্রেণীর প্রভাবশালী বিত্তবানের

( ৪র্থ পৃঃ দ্রঃ)

## আইন-আদালত

( ৩য় পৃঃ পর )

রুল জারি করিয়াছেন। মোঃ সায়েদুল আনাম ও মোঃ জালাল হোসেন নামক দুইজন পরীক্ষার্থীর আবেদনক্রমে আদালত এই রুল জারি করেন।

আবেদনকারীদ্বয়ের পক্ষে বলা হয়, গত ডিগ্রী পরীক্ষায় তাহারা নওগাঁ সরকারী কলেজ কেন্দ্র হইতে বি, এস-সি পরীক্ষা দিয়াছিলেন। কিন্তু রাজশাহী বিশ্ববিদ্যালয় একতরফাভাবে নওগাঁ সরকারী কলেজ কেন্দ্র-সহ পাঁচটি কলেজের পরীক্ষা বাতিল করিয়া দেন। তাঁহারা উক্ত বাতিল আদেশের বৈধতা চ্যালেঞ্জ করিয়া রীট পেশ করেন আবেদনকারীদের কৌশুলীর বক্তব্য শুনানি শেষে মাননীয় বিচারপতি জনাব আবদুল মতিন খান চৌধুরী ও বিচারপতি জনাব আবদুল জলিলের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ উক্ত রুল জারি করেন। আবেদনকারীদের পক্ষে ছিলেন ব্যারিষ্টার জমির উদ্দিন সিরকার।